

💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ নবম পরিচ্ছেদ: বিয়ে ও তালাক সংক্রান্ত

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বিয়ের ঘোষণার জন্য নারীদের দফ বাজানোর হুকুম:

নারীদের জন্য দফ বা এক পার্শ্বস্থ ঢোল বাজানো মুস্তাহাব, যেন বিয়ে প্রচার হয় ও মানুষ জেনে যায়। নারীরা নিজেদের মাঝে দফ বাজাবে বাদ্য-যন্ত্র ও সুরেলা সঙ্গীত ব্যতীত। বিয়ে উপলক্ষে নারীদের কবিতা ও গজল আবৃতি করা দোষণীয় নয়, যদি পুরুষরা না শুনে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন:

»فصل ما بين الحلال والحرام الدف والصوت في النكاح«

"হালাল ও হারাম বিয়ের পার্থক্য হচ্ছে দফ বাজানো ও আওয়াজ করা"।[1]

শাওকানী 'নাইলুল আওতার': (৬/২০০) গ্রন্থে বলেন: "হাদীস প্রমাণ করে যে, বিয়ের অনুষ্ঠানে দফ বাজানো ও কবিতা ইত্যাদি আবৃতি করা বৈধ, যেমন ুন্মান্ত জাতীয় কবিতা, তবে প্রবৃত্তকে উসকে দেয় এমন গান নিষিদ্ধ, যেখানে সৌন্দর্যের বর্ণনা, অল্লীলতার প্রকাশ ও মদের প্রতি আসক্তি রয়েছে। যা বিবাহ এবং বিবাহের বাইরে সর্বদাই হারাম, অনুরূপ অন্যান্য হারাম গান-বাদ্যও হারাম।" সমাপ্ত।

হে মুসলিম নারী, বিয়ে উপলক্ষে অলঙ্কার ও পোশাক-পরিচ্ছদ ক্রয় করে অপচয় করো না। অতিরিক্ত পোশাক ও অলঙ্কার অপচয়ের অন্তর্ভুক্ত, যার থেকে আল্লাহ নিষেধ করেছেন। কুরআনুল কারীমে এসেছে, তিনি অপচয়কারীকে ভালোবাসেন না। যেমন,

"আর তোমরা অপচয় কর না, নিশ্চয় তিনি অপচয়কারীকে পছন্দ করেন না"। [সূরা আল-আ'রাফ, আয়াত: ৩১] সুতরাং তুমি মধ্যপন্থা অবলম্বন কর এবং কেনা-কাটার প্রতিযোগিতা ত্যাগ কর।

ফুটনোট

[1] তিরমিয়ী, হাদীস নং ১০৮৮; নাসাঈ, হাদীস নং ৩৩৬৯; ইবন মাজাহ, হাদীস নং ১৮৯৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=14734

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন